

শিবপুর-যাদবপুরকে আইআইটির মর্যাদা স্টাফ রিপোর্টার

রাজ্যের নিয়ন্ত্রণকে খর্ব না করেই শিবপুর ও যাদবপুর বিশ্ববিদ্যালয়কে আইআইটির মর্যাদা দিতে চলেছে কেন্দ্রীয় সরকার। মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের সচিব সুনীপ বন্দ্যোপাধ্যায় সোমবার কলকাতায় কেন্দ্রের এই সদিচ্ছার কথা জানিয়েছেন। সুনীপবাবু বলেন, পশ্চিমবঙ্গ থেকে দুটি বিশ্ববিদ্যালয় ছিনিয়ে নেওয়ার কোনও ইচ্ছা কেন্দ্রের নেই। রাজ্য সরকারের নিয়ন্ত্রণ দুটি বিশ্ববিদ্যালয়েই থাকবে। কেন্দ্র গঠিত কমিটির শর্ত পূরণ করলে অন্যান্য আইআইটির মতোই স্বীকৃতি পাবে দুটি বিশ্ববিদ্যালয়। পরিকল্পনা রূপায়ণে অর্থ বরাদ্দ করবে কেন্দ্রীয় সরকার। এদিন নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আয়োজিত এক আন্তর্জাতিক সম্মেলনে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের সচিব। সুনীপবাবু জানান, ইতিমধ্যেই যাদবপুর ও শিবপুর বিশ্ববিদ্যালয় তাদের প্রকল্প রিপোর্ট জমা দিয়েছে। এ বিষয়ে দেখভালের জন্য একটি কমিটিও তৈরি হয়েছে। এমতাবস্থায় দুটি বিশ্ববিদ্যালয় যদি এটি বোঝাতে সক্ষম হয় যে, তাদের আইআইটি মর্যাদা দেওয়া উচিত, সেক্ষেত্রে ওই কমিটিই চূড়ান্ত সিদ্ধান্ত নেবে। তিনি আরও জানান, যাদবপুর, শিবপুর ছাড়াও দেশের আরও পাঁচটি কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের ক্ষেত্রে আইআইটি মর্যাদা পাওয়ার বিষয়টি বিবেচনাধীন। অবশ্য, শিবপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং যাদবপুর বিশ্ববিদ্যালয় যেভাবে আইআইটি মর্যাদা পাওয়ার উপর গুরুত্ব দিচ্ছে, তাতে বিস্মিত কেন্দ্র।